

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ লেনদেন ও ব্যবসা-বাণিজ্য রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

আমি একজন টেকনিশিয়ান। ওয়ার্কশপে কাজ করি। বেতন নেই। কিন্তু অনেক কাজের জন্য অনেকের বাড়িতে যেতে হয়। আর তখন বাড়িওয়ালা আমাকে ২০ / ৫০ টাকা অতিরিক্ত বকশিশ দেয়। সেটা কি আমার জন্য হালাল?

কাজের খাতিরে পাওনা যে কোন টাকা মালিকের হক। কর্মচারীর বেতন ছাড়া অন্য কিছু নেওয়ার অধিকার নেই। অবশ্য মালিকের অনুমতি থাকলে আলাদা কথা। অনুমতি না থাকলে তা না নেওয়াই পরহেজগারির কাজ। কারণ নবী (সঃ) বলেছেন, "আল্লাহ আমাকে যে সকল কর্মের অধিকারী করেছেন, তা মধ্য হতে কোনও কর্মের তোমাদের কাউকে কর্মচারী নিয়োগ করলে সে ফিরে এসে বলে কি না, 'এটি আপনাদের, আর এটি উপহারস্বরূপ আমাকে দেয়া হয়েছে!' যদি সে সত্যবাদী হয়, তবে তার বাপ মা এর ঘরে বসে থেকে দেখে না কেন, তাকে কোন জিনিস উপহার দেয়া হচ্ছে কি না? ( বুখারি ও মুসলিম)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2251

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন